

জাবিতে ধর্মতত্ত্ব অনুষদ চালুর দাবি

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৫:৫৮, ২৯ ডিসেম্বর ২০২৪



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ধর্মতত্ত্ব অনুষদ ও অনুষদের অধীনে ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি প্রভৃতি বিভাগ চালুর দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা।

UNIBOTS

রবিবার (২৯ ডিসেম্বর) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কামরুল আহসান বরাবর শিক্ষার্থীদের পক্ষে জাহাঙ্গীরনগর সংস্কার আন্দোলনের আহ্বায়ক ইয়াহিয়া জিসান স্বাক্ষরিত এক পত্রে এ দাবি জানানো হয়।

এতে বলা হয়, একটি বৈষম্যহীন ও জ্ঞানভিত্তিক সমৃদ্ধ বাংলাদেশ গড়ার স্বপ্নে দেশের প্রায় ৯২% জনগোষ্ঠী ইসলাম ধর্মে বিশ্বাসী। পাশাপাশি, অন্যান্য ধর্ম ও সংস্কৃতির অনুসারীদের মধ্যেও ধর্মতত্ত্ব বিষয়ের প্রতি উচ্চশিক্ষার আগ্রহ লক্ষ্য করা যায়। কিন্তু দুঃখজনকভাবে, স্বায়ত্তশাসিত চারটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে তিনটিতে ধর্মতত্ত্ব অথবা ইসলামিক স্টাডিজ সংশ্লিষ্ট বিভাগ থাকলেও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এ ধরনের কোনো বিভাগ এখনো চালু হয়নি।

করাবর,
মাননীয় উপাচার্য
আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সভার, ঢাকা।

বিষয়: আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ধর্মতত্ত্ব অনুষদ (অথবা ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি প্রকৃতি বিভাগ) চালুর আবেদন।

মান্যবর,

আমরা একটি বৈষম্যহীন ও জ্ঞানভিত্তিক সমৃদ্ধ বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখি। এ দেশের প্রায় ৯২% জনগোষ্ঠী ইসলাম ধর্মে বিশ্বাসী। পাশাপাশি, অন্যান্য ধর্ম ও সংস্কৃতির অনুসারীদের মধ্যেও ধর্মতত্ত্ব বিষয়ের প্রতি উচ্চশিক্ষার আগ্রহ লক্ষ্য করা যায়। কিন্তু দুঃখজনকভাবে, স্বায়ত্তশাসিত চারটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে তিনটিতে ধর্মতত্ত্ব অথবা ইসলামিক স্টাডিজ সংশ্লিষ্ট বিভাগ থাকলেও আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এ ধরনের কোনো বিভাগ এখনো চালু হয়নি।

শিক্ষার্থীদের বৃহৎ একটি অংশ ধর্মতত্ত্ব বা ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি প্রকৃতি বিষয়ে উচ্চশিক্ষার সুযোগ পাওয়ার জন্য আগ্রহী। তাদের এই দাবির প্রতি সমর্থন জানিয়ে 'আহাঙ্গীরনগর সংস্কার আন্দোলন' দীর্ঘদিন ধরে এ বিষয়ে প্রশাসনের নিকট দাবিপত্র উপস্থাপন করে আসছে। আমরা বিশ্বাস করি, বর্তমান সময়ের বাস্তবতা ও শিক্ষার্থীদের প্রয়োজন বিবেচনায় আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ধর্মতত্ত্ব অনুষদ চালু করা অত্যন্ত সময়োপযোগী একটি পদক্ষেপ হবে। এটি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক মান বৃদ্ধির পাশাপাশি, সমাজে মূল্যবোধ ও সংস্কৃতির সমন্বিত বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

অতএব, মান্যবরের কাছে বিনীত অনুরোধ, একাডেমিক কাউন্সিলের আলোচনার মাধ্যমে আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ধর্মতত্ত্ব অনুষদ (অথবা ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি প্রকৃতি বিভাগ) চালুর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ব্যবস্থা করতে সদয় দৃষ্টি প্রদান করবেন।

শিক্ষার্থীদের পক্ষে,

ইয়াহিয়া জিসান

আওয়াক

আহাঙ্গীরনগর সংস্কার আন্দোলন

ইয়াহিয়া জিসান
22/12/2028

পত্রে আরও বলা হয়, শিক্ষার্থীদের বৃহৎ একটি অংশ ধর্মতত্ত্ব বা ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি প্রভৃতি বিষয়ে উচ্চশিক্ষার সুযোগ পাওয়ার জন্য আগ্রহী। তাদের এই দাবির প্রতি সমর্থন জানিয়ে 'জাহাঙ্গীরনগর সংস্কার আন্দোলন' দীর্ঘদিন ধরে এ বিষয়ে প্রশাসনের নিকট দাবিপত্র উপস্থাপন করে আসছে। তাই বর্তমান সময়ের বাস্তবতা ও শিক্ষার্থীদের প্রয়োজন বিবেচনায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ধর্মতত্ত্ব অনুষদ চালু করা অত্যন্ত সময়োপযোগী একটি পদক্ষেপ হবে। এটি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক মান বৃদ্ধির পাশাপাশি, সমাজে মূল্যবোধ ও সংস্কৃতির সমন্বিত বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এ বিষয়ে জাহাঙ্গীরনগর সংস্কার আন্দোলনের আহ্বায়ক ইয়াহিয়া জিসান বলেন, 'বাংলাদেশে উচ্চ শিক্ষা গ্রহণের একটি বড় অংশ আসে মাদ্রাসা থেকে। তাদের অনেকের ইচ্ছে থাকে ইসলাম, আরবি ইত্যাদি বিষয়ে পড়াশোনা করার। সেই হিসেবে অনেক শিক্ষার্থীদের চাহিদার প্রেক্ষিতে আমরা জাবিতে ধর্মতত্ত্ব অনুষদ চালুর দাবি জানিয়েছি। যেহেতু আজ অ্যাকাডেমিক কাউন্সিল চলছে, তাই উপাচার্যের কাছে দাবি যেন এ বিষয়ে আলোচনা তুলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন।